

**“অফিস আদেশ”**

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের একটি সুশৃঙ্খল সেবাদর্মী প্রতিষ্ঠান। এ অধিদপ্তরের নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীগণ সর্বদা সরকারি আইন, বিধি-বিধান, নিয়ম-নীতি ও আদেশ নির্দেশ মান্য করে তাদের উপর অর্পিত দায়িত্ব পালন করে থাকেন। একটি বিশেষায়িত শৃঙ্খলা বাহিনী হিসেবে সরকার এ অধিদপ্তরের অপারেশনাল কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীদের জন্য পোষাক বিধিমালা জারী করেন ও পরিধান করার জন্য বিনামূল্যে পোষাক সামগ্রী সরবরাহ করেন। কিন্তু ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, অধিদপ্তরের আওতাধীন স্টেশন সমূহের কর্মকর্তা/কর্মচারীগণ অগ্নিনির্বাপন কাজে ফুল পিপিই পরিধান না করে আঙনে/উদ্ধার কাজে গমন করেন। এতে একদিকে যেমন সরকারি ইউনিফর্মধারী প্রতিষ্ঠানের কর্মচারী হিসেবে নিজস্ব পরিচিতি প্রস্তুতি হয় না, অন্যদিকে তেমনি বিভাগের ভাবমূর্তি দারুণভাবে ক্ষুণ্ণ হচ্ছে। যা শৃঙ্খলার পরিপন্থী ও অসদাচারনের সামিল।

এ সংক্রান্ত বিষয়ে পূর্বের জারীকৃত সকল আদেশ বলবৎ থাকবে এবং নিম্নোক্ত নির্দেশিকা প্রতিদিন দিন জেনারেল রোল কলে পড়ে শুনানোর জন্য অনুরোধ করা হলো।

- ১) অগ্নি নির্বাপন ও উদ্ধার কাজের সময় অব্যাহত নির্ধারিত পোশাকসহ (পিপিই) পরিধান করতে হবে।
- ২) ফায়ার স্টেশনে ফায়ারম্যান স্যুট বরাদ্দ থাকা সত্ত্বেও অনেক কর্মকর্তা/কর্মচারী ফায়ারম্যান স্যুট পরিধান না করেই অগ্নিকাণ্ডে গমন করে যা সঠিক নয়। এখন থেকে নিয়মিত ফায়ারম্যান স্যুট পরে আঙনে গমনের বিষয়টি নিশ্চিত করতে হবে। ফায়ারম্যান স্যুটের স্বল্পতা থাকলে সে ক্ষেত্রে সঠিক ইউনিফর্ম পরে আঙনে যেতে হবে। এ ক্ষেত্রে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- ৩) ফায়ারম্যান স্যুট ও ব্রিডিং এ্যাপারেটাস পরিধান করে কিভাবে অগ্নিকাণ্ডে কাজ করা যায় সে বিষয়ে প্রতিদিন রোল কলের পর সকল কর্মচারীদের ফায়ারম্যান স্যুট পরিধান সম্পর্কে অনুশীলন করাতে হবে। এর ফলে কর্মচারীগণ ফায়ারম্যান স্যুট ব্রিডিং এ্যাপারেটাস পরিধান ও ব্যবহারে অভ্যস্ত হবে।
- ৪) অধিদপ্তরের নির্দেশিত মহড়া পরিচালনা করতে হবে এবং বিদ্যমান রেসকিউ ইকুইপমেন্ট/অগ্নিনির্বাপনী সাজ-সরঞ্জামাদিসহ গাড়ী/পাম্প নিয়মিত রক্ষণাবেক্ষণ করতে হবে।
- ৫) অগ্নিকাণ্ড ও দুর্ঘটনায় উদ্ধার কার্যক্রমে স্টেশনের টিমের কোন সদস্যর গাফলতি পরিলক্ষিত হলে উক্ত দায়িত্ব অবহেলার জন্য এ টিমের/স্টেশনের সকল কর্মকর্তা/কর্মচারী দায়ী থাকবে এবং উল্লিখিত সকল সদস্যদের বিরুদ্ধে আইনানুগ শাস্তিমূলক ব্যবস্থা হিসাবে টিমের সকল সদস্যদের তাৎক্ষণিকভাবে দূরবর্তী অন্য বিভাগে বদলী করা হবে।

এমতাবস্থায়, এখন হতে অপারেশনাল কাজে যাতায়াতকালে নির্ধারিত ইউনিফর্ম পরিধান করে ডিউটি করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এর ব্যত্যয় পরিলক্ষিত হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মেজর এ কে এম শাকিল নেওয়াজ  
পরিচালক (অপাঃ ও মেইনঃ)

**বিতরণঃ**

**সদয় অবগতিঃ**

১. সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব, অগ্নি অধিশাখা]
২. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা মহোদয় এর সদয় অবগতির জন্য।
৩. প্রকল্প পরিচালক(প্রকল্প-২৫/৭৬/৭৮/১৫৬), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৪. পরিচালক, (প্রশাঃ ও অর্থ)/(পঃউঃপ্রঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

**জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ**

১. উপ-পরিচালক, (.....) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা
২. উপ-পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৩. অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
৪. সহকারি পরিচালক, (.....) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৫. সহকারি পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, .....(সকল)।
৬. সহকারি রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৭. উপ-সহকারি পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, .....(সকল)।
৮. উপ-সহকারি পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা জোন-১/২/৩/৪।
৯. সহকারি যোগাযোগ প্রকৌশলী, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১০. ভারপ্রাপ্ত কর্মকর্তা, কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১১. সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন.....(সকল) [তাকে আদেশটি প্রতিদিন জেনারেল রোল কলে পড়ে শুনানোর জন্য অনুরোধ করা হলো।]